| স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ সচিবের দপ্তর | ইস্যু নম্বর ঃ / তারিখ ঃ |
|---|---|
| অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) | ☐ জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ) | ☐ জরুরী উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (অগ্নি) | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (কারা) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য) | |
| অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
**সাধারণ অধিশাখা**

**জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে ধানমন্ডির ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির ভার্চুয়াল ফলো-আপ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব সোলতান আহ্‌মদ
অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
তারিখ ও সময় : ০৯ আগস্ট ২০২০, সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

২। আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে মূল কর্মসূচির অংশ হিসাবে সকাল ৬.৩০ মিনিটে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠান সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের জন্য সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | ক) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে ত্রিপলসহ প্যান্ডেল নির্মাণ;<br><br>খ) প্যান্ডেলের অভ্যন্তরে প্রয়োজনীয় সংখ্যক ফ্যান/স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন;<br><br>গ) দেয়াল ও গ্রিল রঙকরণ এবং অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ;<br><br>ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মেডিকেল টিম, বাংলাদেশ টেলিভিশন এবং মিডিয়া ও মাস কমিউনিকেশনের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ারের ব্যবস্থাসহ স্টল নির্মাণ; এবং<br><br>ঙ) সামগ্রিক কার্যক্রম সমাপ্ত করে অনুষ্ঠানস্থল প্রস্তুত রাখা। | ক) বর্ষাকালকে বিবেচনায় রেখে ত্রিপলসহ প্যান্ডেল নির্মাণ করতে হবে;<br><br>খ) প্যান্ডেলের অভ্যন্তরে প্রয়োজনীয় সংখ্যক ফ্যান/স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন করতে হবে;<br><br>গ) দেয়াল ও গ্রিল রঙকরণ এবং অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিত করতে হবে;<br><br>ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মেডিকেল টিম, বাংলাদেশ টেলিভিশন এবং মিডিয়া ও মাস কমিউনিকেশনের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ারের ব্যবস্থাসহ স্টল নির্মাণ করতে হবে; এবং<br><br>ঙ) ১২ আগস্ট ২০২০-এর মধ্যে সামগ্রিক কার্যক্রম সমাপ্ত করে অনুষ্ঠানস্থল প্রস্তুত রাখতে হবে। | ১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>২। গণপূর্ত অধিদপ্তর |

১৬.০৮.২০২০

| ক্রমিক | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| ২। | পুষ্পস্তবক প্রস্তুত:<br>ক) দুটি পুষ্পস্তবক প্রস্তুত রাখা; এবং<br><br>খ) পুষ্পস্তবক ভোর ৪.০০ ঘটিকার মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তর। | ক) দুটি পুষ্পস্তবক প্রস্তুত করতে হবে; এবং<br><br>খ) পুষ্পস্তবক ভোর ৪.০০ ঘটিকার মধ্যে সশস্ত্র বাহিনী বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তর করতে হবে। | ১। আরবরি কালচার<br>২। গণপূর্ত অধিদপ্তর<br>৩। সশস্ত্র বাহিনী বিভাগ |
| ৩। | বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতির প্রয়োজনীয় সংস্কার। | বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষের সহায়তায় বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতির প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম গণপূর্ত অধিদপ্তর সম্পন্ন করবে। | ১। গণপূর্ত অধিদপ্তর<br>২। বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |
| ৪। | ক) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ও পার্শ্ববর্তী এলাকায় নিরাপত্তা জোরদারকরণ;<br><br>খ) বিভিন্ন এপ্রোচ রোড ও ফুটপাত হতে ভাসমান স্থাপনা উচ্ছেদ;<br><br>গ) অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিতকরণ;<br><br>ঘ) অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ প্রয়োজনীয় সংখ্যক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ির উপস্থিতি নিশ্চিতকরণ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি এবং এ্যাম্বুলেন্স যথাস্থানে রাখা;<br><br>ঙ) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়সহ যে সকল ব্যক্তিবর্গ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে অনুষ্ঠেয় কর্মসূচি শেষে বনানী কবরস্থানে গমন করবেন তাদের গাড়ি সহজে বের করা যায় এমন স্থানে পার্কিং-এর ব্যবস্থা করা; এবং<br><br>চ) জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ও পার্শ্ববর্তী এলাকার যানবাহন চলাচলের রুটম্যাপ পূর্বেই মন্ত্রিপরিষদ বিভাগকে সরবরাহ করা। | ক) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ও পার্শ্ববর্তী এলাকায় নিরাপত্তা জোরদার করতে হবে;<br><br>খ) বিভিন্ন এপ্রোচ রোড ও ফুটপাত হতে ভাসমান স্থাপনা উচ্ছেদ করতে হবে;<br><br>গ) অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে;<br><br>ঘ) অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ প্রয়োজনীয় সংখ্যক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি এবং এ্যাম্বুলেন্স যথাস্থানে রাখতে হবে;<br><br>ঙ) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়সহ যেসকল ব্যক্তিবর্গ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে অনুষ্ঠেয় কর্মসূচি শেষে বনানী কবরস্থানে গমন করবেন তাদের গাড়ি সহজে বের করা যায় এমন স্থানে পার্কিং-এর ব্যবস্থা করতে হবে; এবং<br><br>চ) জাতীয় শোক দিবসে যানবাহন চলাচলের রুটম্যাপ পূর্বেই মন্ত্রিপরিষদ বিভাগকে সরবরাহ করতে হবে। | ১। জননিরাপত্তা বিভাগ<br>২। সুরক্ষা সেবা বিভাগ |
| ৫। | বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ ও এপ্রোচ রোডসমূহের সংস্কার এবং পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা ও উপর্যুক্ত লাইটিং নিশ্চিতকরণ। | বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ ও এপ্রোচ রোডসমূহ সংস্কার এবং পরিষ্কার পরিচ্ছন্ন করাসহ উপযুক্ত লাইটিং নিশ্চিত করা ও অনুষ্ঠানস্থলসহ সংলগ্ন এলাকা সার্বক্ষণিক পরিচ্ছন্ন রাখার জন্য অধিক সংখ্যক পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |

| ক্রমিক | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬। | ক) জাতির পিতার প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মোটর চালু রাখার ব্যবস্থা গ্রহণ; এবং<br><br>খ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির প্রয়োজনীয় সংস্কার। | ক) জাতির পিতার প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মোটর চালু রাখতে হবে; এবং<br><br>খ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির প্রয়োজনীয় সংস্কার যথাসময়ে সম্পন্ন করতে হবে। | ১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>২। গণপূর্ত অধিদপ্তর<br>৩। বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |
| ৭। | ক) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;<br><br>খ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন ফুটওভার ব্রিজটি পরিস্কার-পরিচ্ছন্ন করাসহ রঙকরণ;<br><br>গ) অপ্রয়োজনীয় ও দৃষ্টিকটু বিজ্ঞাপন অপসারণ;<br><br>ঘ) লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখা; এবং<br><br>ঙ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির দু'পাশের রিটেনশন ওয়াল-এর ফাটল মেরামত এবং সৌন্দর্যবৃদ্ধির জন্য লেকের চারপাশে ক্যাকটাস জাতীয় গাছ লাগানো। | ক) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে;<br><br>খ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন ফুটওভার ব্রিজটি পরিস্কার-পরিচ্ছন্ন করাসহ রঙ করতে হবে;<br><br>গ) অপ্রয়োজনীয় ও দৃষ্টিকটু বিজ্ঞাপন অপসারণ করতে হবে;<br><br>ঘ) লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে; এবং<br><br>ঙ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির দু'পাশের রিটেনশন ওয়াল-এর ফাটল মেরামত করতে হবে এবং সৌন্দর্যবৃদ্ধির জন্য লেকের চারপাশে ক্যাকটাস জাতীয় গাছ লাগাতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৮। | অনুষ্ঠানস্থলে বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের অবস্থান ও এ্যাম্বুলেন্স নিশ্চিতকরণ। | স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। মেডিকেল টিম অ্যাম্বুলেন্সসহ অনুষ্ঠানস্থলে থাকবে। | স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৯। | অনুষ্ঠানস্থলে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিতকরণ। | অনুষ্ঠানস্থলে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ<br>২। ঢাকা ওয়াসা |
| ১০। | ক) প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ;<br><br>খ) সাউন্ড সিস্টেম এবং অন্যান্য লজিস্টিক-এর সংস্থান;<br>গ) বিস্তারিত কর্মসূচির অনুক্রমে (sequence) অনুষ্ঠান ক্রমধারার আলোকে কার্যক্রম পরিচালনা;<br>ঘ) অনুষ্ঠান পরিচালনার ধারাক্রম প্রস্তুত করা; এবং | ক) অনুষ্ঠানের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে;<br>খ) সাউন্ড সিস্টেম এবং অন্যান্য লজিস্টিক-এর সংস্থান করতে হবে;<br>গ) বিস্তারিত কর্মসূচির অনুক্রমে (sequence) অনুষ্ঠান ক্রমধারার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে;<br>ঘ) অনুষ্ঠান পরিচালনার ধারাক্রম প্রস্তুত করতে হবে; এবং | সশস্ত্র বাহিনী বিভাগ |

| ক্রমিক | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ঙ) চূড়ান্ত মহড়ার আয়োজন করা। | ঙ) ১৩ আগস্ট ২০২০ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় চূড়ান্ত মহড়ার আয়োজন করতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ |
| ১১। | মোনাজাত অনুষ্ঠান। | ক) ক্বারী মনোনয়ন ও অনুষ্ঠানস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে; ও<br>খ) পঠিতব্য আয়াত নির্বাচন ও মোনাজাতের বিষয় নির্ধারণপূর্বক মহড়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ |
| ১২। | জাতীয় পতাকা উত্তোলন। | বিধি মোতাবেক মূল অনুষ্ঠানস্থলে সশস্ত্র বাহিনী বিভাগ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের অভ্যন্তরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ জাতীয় পতাকা উত্তোলন করবে। | ১। সশস্ত্র বাহিনী বিভাগ<br>২। বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |
| ১৩। | অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ; | অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য মন্ত্রণালয় ও গণযোগাযোগ অধিদপ্তর |
| ১৪। | অনুষ্ঠানস্থলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং প্রয়োজনীয় সংখ্যক জেনারেটর সরবরাহ নিশ্চিতকরণ। | অনুষ্ঠানস্থলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ এবং প্রয়োজনীয় সংখ্যক জেনারেটর সরবরাহসহ ১২ আগস্ট ২০২০-এর মধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | ১। ডিপিডিসি<br>২। গণপূর্ত অধিদপ্তর |
| ১৫। | আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি কর্তৃক সরেজমিনে অনুষ্ঠানস্থল পরিদর্শন। | আগামী ১২ আগস্ট ২০২০ তারিখ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণের অনুষ্ঠানস্থল সরেজমিনে পরিদর্শন করার জন্য কমিটির সকল সদস্যকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকতে হবে। | ধানমন্ডির ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি |
| ১৬। | সার্বিক কার্যাবলি মন্ত্রিপরিষদ সচিব মহোদয়কে অবহিতকরণ। | পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত অনুষ্ঠান সংক্রান্ত বিস্তারিত অনুষ্ঠান ধারাক্রমসহ অন্যান্য প্রস্তুতিমূলক কার্যক্রম মন্ত্রিপরিষদ সচিব মহোদয়কে অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব মন্ত্রিপরিষদ বিভাগ |
| ১৭। | কমিটির দায়িত্ব:<br>১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে উপস্থিত থেকে প্রয়োজনীয় দায়িত্ব পালন ও সহায়তা প্রদান। | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার নির্ধারিত সময়ের পূর্বে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে উপস্থিত থেকে প্রয়োজনীয় দায়িত্ব পালন ও সহযোগিতা প্রদান করতে হবে। | কমিটির সকল সদস্য |
| ১৮। | **বিবিধ:**<br>ক) ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিরাপদ রাখতে স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ৩০.০৭.২০২০ তারিখের স্বাপকম/জনস্বাস্থ্য-১/রোগ-২/এনএমটিএফ/২০১০/২০৬ সংখ্যক স্মারকে জারিকৃত নির্দেশিকা/ গাইডলাইন অনুসরণ। | ক) ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিরাপদ রাখতে স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ৩০.০৭.২০২০ তারিখের স্বাপকম/জনস্বাস্থ্য-১/রোগ-২/এনএমটিএফ/২০১০/২০৬ সংখ্যক স্মারকে জারিকৃত নির্দেশিকা/গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |

৩। আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে ধানমন্ডির ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে উপস্থিত কর্মকর্তাগণের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯.০৮.২০২০
(সোলতান আহ্‌মদ)
অতিরিক্ত সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সভাপতি
ধানমন্ডির ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয়
মনিটরিং ও সমন্বয় কমিটি

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪১৬

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭ / ০৯ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব/সচিব (সকল)
   ............................................................................ মন্ত্রণালয়/বিভাগ
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ
৪. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা
৮. যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন/প্রশাসন/পরিকল্পনা ও বাজেট/জেলা ম্যাজিস্ট্রেসি/বিধি ও সেবা/ই-গভর্নেন্স/কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন), মন্ত্রিপরিষদ বিভাগ
৯. জেলা প্রশাসক, ঢাকা
১০. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, ঢাকা
১১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা
১২. উপসচিব (উন্নয়ন অভিলক্ষ বাস্তবায়ন ও সমন্বয় /মাঠ প্রশাসন সংযোগ/ মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন সমন্বয়/মাঠ প্রশাসন সমন্বয়/কর্মসম্পাদন বাস্তবায়ন পরিবীক্ষণ/সাধারণ সেবা/জেলা ম্যাজিস্ট্রেসি নীতি/পরিকল্পনা ও বাজেট) মন্ত্রিপরিষদ বিভাগ

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ
৩। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৯-০৮-২০২০
(মোঃ সাজ্জাদুল হাসান)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০. ০১২.০৯.০৪৫.১৭-৪৭৮ তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭
১৩ আগস্ট ২০২০

বিষয়: জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে ধানমন্ডির ৩২-এর অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃ মন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির ভার্চুয়াল ফলো-আপ সভার সভার কর্যবিবরণীর ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ অধিশাখা এর ০৯/০৮/২০২০ তারিখের ৪১৬ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত সভার কার্যবিবরণীর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব ..............................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
২। অধিদপ্তর প্রধান ..............................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৩। যুগ্মসচিব......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৫। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৬। উপসচিব/উপপ্রধান......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৭। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান......................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৮। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। সহকারী সচিব/সহকারী প্রধান..........................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১৩.০৮.২০২০
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ +৮৮০২ ৪৭১২৪৩৩৭
admin1@ssd.gov.bd